

বাংলাদেশ-চীন যৌথ অর্থনৈতিক কমিশনের ১৪তম সভার প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ-চীন যৌথ অর্থনৈতিক কমিশনের ১৪তম সভা ২২ আগস্ট ২০১৬ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হয়। যৌথ অর্থনৈতিক কমিশনের এ সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং চীনা প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন সে দেশের বাণিজ্য মন্ত্রণালয়ের ভাইস-মিনিস্টার Ms. Gao Yan. উক্ত যৌথ অর্থনৈতিক কমিশনের সভায় এক্সিম ব্যাংকের প্রতিনিধিসহ চীনের বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বাংলাদেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

সভাটি একটি আন্তরিক পরিবেশে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ও চীনের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরো শক্তিশালী করণের জন্য সভায় দ্বিপাক্ষিক সম্পর্কের সম্পূর্ণ পরিসর নিয়ে আলোচনা করা হয়েছে। যৌথ অর্থনৈতিক কমিশন অধিবেশনের মূল উদ্দেশ্য দ্বিপাক্ষিক বাণিজ্য, অর্থনৈতিক ও বিনিয়োগের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির সম্ভাবনা অন্বেষণ করা।

উক্ত সভায় দু'দেশের নেতাদের মধ্যে অর্থনৈতিক ও বাণিজ্য সম্পর্কিত ঐকমত্যের বিষয়সমূহ বাস্তবায়ন পর্যালোচনাসহ দ্বিপাক্ষিক বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্কের বিষয়ে আলোচনা হয়। সভায় বাংলাদেশে চীনা সহায়তা জোরদার করণের বিষয়, প্রধান প্রকল্পসমূহে সহযোগিতা বৃদ্ধি, বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা শক্তিশালী করণসহ শিল্পায়নের উন্নয়নে সহযোগিতার বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশের পক্ষ হতে চীনা অনুদান এবং নমনীয় ঋণ বৃদ্ধির বিষয়ে চীনা পক্ষকে অনুরোধ জানানো হয়। এছাড়াও দু'দেশের মধ্যে বাণিজ্য অসমতা একটি যৌক্তিক পর্যায়ে কমিয়ে আনার অনুরোধ জানানো হয়।

অদূর ভবিষ্যতে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদারের বিষয়ে উভয় পক্ষ আশাবাদ ব্যক্ত করে। আগামী ১৫তম জেইসি সভা পারস্পারিক আলোচনার ভিত্তিতে ২০১৮ সালে একটি সুবিধাজনক সময়ে চীনে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়।

মুহম্মদ মোহাম্মদ
২২/৮/১৬

মুহম্মদ মোহাম্মদ
সিনিয়র সচিব/প্রধান
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
স্বর্ণ মন্ত্রণালয়
১০১৩ জাতীয় বাংলাদেশ সরকার